

জ্ঞানমূলক

১. সুখী কারা?
২. কবি কাদের সত্যিকারের মানুষ মনে করেন?
৩. সুখী মানুষ কী নিয়ে তুষ্ট থাকে?
৪. সিকান্দার আবু জাফর কর্মজীবনে কী ছিলেন?
৫. কীসে আয়ু কমে?
৬. ‘আমাদের সংগ্রাম চলবেই’ গানটির রচয়িতা কে?
৭. কোথায় মানুষ নির্ভাবনায় ঘুমিয়ে থাকে?
৮. সিকান্দার আবু জাফর কত সালে জন্মগ্রহণ করেন?
৯. ‘আশা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া?
১০. মানুষের মন যন্ত্রণাময় হয় কেন?
১১. ‘শকুন্ত উপাখ্যান’ কোন ধরনের রচনা?
১২. ‘মতি আর অশ্রু’ কী জাতীয় গ্রন্থ?
১৩. মানুষের সঙ্গে মানুষের ব্যবধান বাড়ার কারণ কী?
১৪. ‘আশা’ কবিতার মূল প্রতিপাদ্য বিষয় কী?
১৫. ‘বৈরী বৃষ্টিতে’ কোন ধরনের রচনা?

মুক্তিকামী মহাসাধক মুক্ত করে দেশ,  
সবারই সে অন্ন জোগায় নাইকো গর্ব লেশ।  
ব্রত তাহার পরের হিত, সুখ নাহি চায় নিজে,  
রৌদ্র দাহে শুকায় তনু, মেঘের জলে ভিজে।  
আমার দেশের মাটির ছেলে, নমি বারংবার,  
তোমায় দেখে চূর্ণ হউক সবার অহংকার।

- ক) ‘আমাদের সংগ্রাম চলবেই চলবে’ গানটির রচয়িতা কে?
- খ) ‘যেথায় লোকে তুচ্ছ নিয়ে/তুষ্ট থাকে ভাই’ চরণটি দ্বারা কী বোঝানো হয়েছে?
- গ) উদ্দীপকের কৃষকের মাঝে ‘আশা’ কবিতার কোন দিকটি বিদ্যমান? ব্যাখ্যা কর।
- ঘ) উদ্দীপকটি কি ‘আশা’ কবিতার মূল উপজীব্য? তোমার মতানুসারে যুক্তি দাও।